

HSP-MIS এ উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের  
বাউন্সব্যাককৃত তথ্য সংশোধন সম্পর্কিত প্রশিক্ষণ

---

## আজকের আলোচনার বিষয়:

---

- বাউন্সব্যাক কি?
- উপবৃত্তির টাকা কেন বাউন্সব্যাক হয়?
- উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মধ্যে কোন কোন শিক্ষার্থীর টাকা বাউন্সব্যাক (টাকা পাঠানো হয়েছে কিন্তু হিসাবধারীর তথ্য ভুল থাকার কারণে টাকা ফেরত এসেছে) হয়েছে কিভাবে দেখব/ প্রিন্ট করব?
- বাউন্সব্যাককৃত শিক্ষার্থীর তথ্য কিভাবে সংশোধন করব?

# বাউন্সব্যাক কি?

- সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে G2P (Government-to-Person) পদ্ধতিতে বাংলাদেশ ব্যাংকের EFT (Electronic Funds Transfer) মাধ্যমে সরাসরি উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীর একাউন্টে টাকা পাঠানো হয়। কিন্তু শিক্ষার্থী/অভিবাবকের একাউন্ট সংশ্লিষ্ট তথ্য ভুল থাকার কারণে উপবৃত্তির টাকা একাউন্টে জমা না হয়ে বাংলাদেশ ব্যাংকে ফেরত (Return) আসে।

# উপবৃত্তির টাকা কেন বাউন্সব্যাক হয়?

- HSP-MIS এ নিম্নোক্তভাবে অনলাইনে উপবৃত্তির আবেদন ফরম পুরনু না করলে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণের উপবৃত্তির অর্থ বাউন্সব্যাক (Bounced Back) হতে পারে:
- ক. HSP-MIS এ অনলাইন উপবৃত্তির আবেদন ফরম এর **পেমেন্ট তথ্য অংশে** মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) সিলেক্ট করলে হিসাবধারীর নাম শিক্ষার্থীর অভিভাবকের নামে হতে হবে অর্থাৎ মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) শিক্ষার্থীর অভিভাবকের নামে খুলতে হবে। হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম প্রদান করলে টাকা বাউন্সব্যাক হয়।
- খ. **স্কুল ব্যাংকিং** এর ক্ষেত্রে হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম হবে। যৌথ নামের একাউন্টে ক্ষেত্রে শিক্ষার্থী এবং অভিভাবকের নাম হবে।
- গ. **তফসিলি ব্যাংকের ক্ষেত্রে:** হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর অভিভাবকের নাম হতে হবে।
- ব্যাংকের নাম, শাখার নাম এবং শাখার রাউটিং নম্বর একাউন্ট এর **MICR** চেক বই দেখে পুরনু করতে হবে। হিসাবের ধরণ সঞ্চয়ী/চলতি তা যথযথভাবে সিলেক্ট করতে হবে।
- **হিসাবধারীর নাম এবং হিসাব নম্বর MICR** চেক বই দেখে হবহ ইংরেজীতে পুরনু করতে হবে। কোন প্রকার **special character** যেমন: ,./-+@#>< ইত্যাদি ব্যবহার করা যাবে না।

উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মধ্যে কোন কোন শিক্ষার্থীর টাকা বাউন্সব্যাক (টাকা পাঠানো হয়েছে কিন্তু হিসাবধারীর তথ্য ভুল থাকার কারণে টাকা ফেরত এসেছে) হয়েছে দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?

---

- HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু পেরোল রিপোর্ট এ ক্লিক করুন।
- রিপোর্টের নাম ড্রপডাউন থেকে পেমেন্ট স্ট্যাটাস রিপোর্ট সিলেক্ট করুন। অর্থবছর, পেমেন্ট এর অবস্থার ড্রপডাউন থেকে বাউন্সড সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট ডাউনলোড/প্রিন্ট করুন।

## বাউন্সব্যাককৃত শিক্ষার্থীর তথ্য কিভাবে সংশোধন করব?

- HSP-MIS এ প্রবেশ করে বামপাশে মেনুবারের "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
- সাবমেনু "শিক্ষার্থীর তথ্য আপডেট" বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থীর অবস্থা" বাটনে ক্লিক করে ড্রপডাউন থেকে "ভুল পেমেন্ট তথ্য" সিলেক্ট করে "খুজুন" বাটনে ক্লিক করুন;
- নিচে শিক্ষার্থীর তালিকায় "সম্পাদনা করুন" বাটনের নিচে "কলম" আইকনে ক্লিক করুন;
- ট্যাব ভিউ বাটনে ক্লিক করুন, পেমেন্টের তথ্য অংশে ক্লিক করে: পেমেন্টের ধরণ, ব্যাংক, শাখা, হিসাবের ধরণ, হিসাবধারীর নাম, হিসাব নং ইত্যাদি ভুল থাকলে সংশোধন করে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করুন।

ধন্যবাদ

---